এম ইউ ল’ অ্যালামনাই এসোসিয়েশন কর্তৃক নবীন আইনজীবীদের সংবর্ধনা

চেম্বার ডেস্ক: মেট্রোপলিটন ইউনিভার্সিটি ল’ অ্যালামনাই এসোসিয়েশন কর্তৃক অত্র বিশ্ববিদ্যালয় হইতে আইনজীবী সনদ পরীক্ষায় উত্তীর্ণ হওয়া নবীন আইনজীবীদেরকে এক সংবর্ধনা প্রদান গতকাল বৃহস্পতিবার(২৮শঅক্টোবর) নগরীর একটি অভিজাত হোটেলের হলরুমে অনুষ্টিত হয়। সংগঠনের আহবায়ক এডভোকেট ফাতেমা ইমরোজ সামান্তার সভাপতিত্বে এবং যুগ্ম- আহবায়ক এডভোকেট ফুরাহিম হোসেনের সঞ্চালনায় এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিলেট জেলা আইনজীবী সমিতির সভাপতি এডভোকেট এ টি এম ফয়েজ উদ্দিন।বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিলেট জেলা আইনজীবী সমিতির সাধারণ সম্পাদক এডভোকেট ফজলুল হক সেলিম, মেট্রোপলিটন ইউনিভার্সিটির সহকারী প্রক্টর এবং সংগঠনের উপদেষ্টা এডভোকেট মোহাম্মদ আব্বাস উদ্দিন, মেট্রোপলিটন ইউনিভার্সিটির ডেপুটি রেজিস্ট্রার এবং সংগঠনের উপদেষ্টা এডভোকেট লোকমান আহমেদ চৌধুরী।

স্বাগত বক্তব্য প্রদান করেন সংগঠনের যুগ্ম-আহবায়ক, সিএমএম আদালত সিলেটের সহকারী পাবলিক প্রসিকিউটর এডভোকেট প্রবাল চৌধুরী পূজন, এডভোকেট মোঃ ওয়াজিহুদ্দিন তারিক, এডভোকেট তাসনোভা তাজিন, এডভোকেট মোঃ আনোয়ার আলম এবং সংগঠনের সদস্য সচিব এডভোকেট শাহ শাহাদাত আলী শাকী। সার্বিকভাবে সহযোগিতা করেন যুক্তরাষ্ট্রে অবস্থানরত সংগঠনের যুগ্ম -আহবায়ক এডভোকেট লুৎফুর রহমান লিমন এবং ঢাকায় অবস্থানরত বাংলাদেশ সুপ্রীম কোর্টের আইনজীবী এডভোকেট হোসাইন আহমেদ শিপন৷

সংবর্ধিত নবীন আইনজীবীদেরকে নিয়ে এক প্রীতিভোজ শেষে আলোচনা সভায় মিলিত হন সংগঠনের নেতৃবৃন্দ এবং অতিথিবৃন্দ। উক্ত সভায় নবীন আইনজীবীরা তাদের পরিচয় তুলে ধরেন এবং তাদের প্রত্যাশা, স্বপ্ন এবং বাস্তবতা নিয়ে কথা বলেন। অতিথিবৃন্দ তাদের উদ্দেশ্যে গুরুত্বপূর্ণ এবং দিকনির্দেশনামূলক বক্তব্য প্রদান করেন এবং তাদের সফলতা কামনা করেন। পাশাপাশি তাদের আগামীর পথচলায় পাশে থাকার দৃঢ় অঙ্গীকার ব্যক্ত করেন। ফটোসেশনে অংশগ্রহণ শেষে অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করেন মেট্রোপলিটন ইউনিভার্সিটি ল’